

বারি মাল্টা-১ উৎপাদন কলাকৌশল

সাইট্রাস জাতীয় ফলের মধ্যে মাল্টা একটি অত্যন্ত জনপ্রিয় ও লাভজনক ফল। ভিটামিন সি ও অ্যান্টিঅক্সিডেন্ট সমৃদ্ধ এ ফলের বাজার চাহিদাও বেশি।

উপযোগী পরিবেশঃ

শুষ্ক ও উষ্ণ জলবায়ু মাল্টা চাষের জন্য সবচেয়ে উপযোগী। প্রায় সব ধরনের মাটিতে জন্মালেও সুনিক্কাশিত উর্বর, দোআঁশ মাটিতে (পিএইচ ৫.৫ থেকে ৬.৫) ভালো জন্মে। জলাবদ্ধতা মোটেই সহ্য করতে পারেনা।

বারি মাল্টা-১ এর প্রধান বৈশিষ্ট্যঃ

নিয়মিত ফলদানকারী উচ্চ ফলনশীল একটি জাত। প্রতিটি ফলের নিচে গোলাকার পয়সা স্ফূট বৃত্ত বিদ্যমান থাকে। ফলের গড় ওজন প্রায় ১৫০-১৮০গ্রাম। হেক্টরপ্রতি গড় ফলন প্রায় ২০ টন।

চারা উৎপাদনঃ

সাধারণত জোড় কলমের (গ্রাফটিং) মাধ্যমে কলম চারা উৎপাদন করা হয়। এ ক্ষেত্রে চারা আদিজোড় (রুটস্টক) হিসাবে বাতাবি লেবু, রংপুর লাইম, করুল জামির, সুইট লাইম ইত্যাদির বীজের চারা ব্যবহার করা যেতে পারে।

চারা রোপণঃ

মধ্য মে থেকে মধ্য আগস্ট পর্যন্ত কলম চারা রোপণের উপযুক্ত সময়। সমতল ভূমিতে বর্গাকার বা ষড়ভুজী পদ্ধতিতে এবং পাহাড়ী জমিতে কনুর পদ্ধতিতে কলম চারা রোপণ করতে হয়। রোপন দূরত্ব ৩×৩ মিটার।

সারের মাত্রা ও প্রয়োগ পদ্ধতিঃ

গাছের বয়স (বছর)	গোবর সার (কেজি)	ইউরিয়া (গ্রাম)	টিএসপি (গ্রাম)	এমওপি (গ্রাম)	জিংক সালফেট (গ্রাম)	বরিক এসিড (গ্রাম)
১-২	১০-১২	২০০-৩০০	১০০-১৫০	১০০-১৫০	১০	৫
৩-৪	১২-১৫	৩০০-৪৫০	১৫০-২০০	১৫০-২০০	১৫	৮
৫-৭	১৫-১৮	৪৫০-৬০০	২০০-৩০০	২০০-২৫০	২০	১০
৮-১০	১৮-২০	৬০০-৭০০	৩০০-৪৫০	২৫০-৩০০	২৫	১২
১০ এর অধিক	২০-২৫	৭৫০	৫০০	৪৫০	৩০	১৫

মাটির উর্বরতা ও গাছের অবস্থা বিবেচনা করে সারের পরিমাণ কম-বেশি হতে পারে। তিন কিস্তিতে সার প্রয়োগ করতে হবে। ফল অহরণের পর (সেপ্টেম্বর-অক্টোবর), ফল মার্বেল আকার ধারণ করলে (মধ্য এপ্রিল) এবং ফলের সর্বোচ্চ বৃদ্ধিকালীন সময়ে (জুন)।

আন্তঃপরিচর্যাঃ

সার প্রয়োগের পরপরই জমিতে প্রয়োজনমত পানি সেচ দিতে হবে। বর্ষাকালে গাছের গোড়ায় যাতে পানি না জমে সেদিকে অবশ্যই খেয়াল রাখতে হবে। সার প্রয়োগের ফলে গাছের গোড়ায় বিভিন্ন আগাছা জন্মে যা শিকরসহ তুলে ফেলতে হবে।

ফল পাতলাকরণ ও ব্যাগিংঃ

বারি মাল্টা-১ এর গাছে প্রচুর সংখ্যক ফল আসে বিধায় প্রতিটি মঞ্জুরিতে দুটি করে সুস্থ সতেজ ফল রেখে বাকিগুলো মার্বেল অবস্থায় ছিঁড়ে ফেলতে হয়। এতে ফলের আকার বড় হয়। ফল পরিপক্বতার পূর্বে ব্যাগিং করলে অবাঞ্ছিত পোকামাকড় হতে রেহাই পওয়া যায়।

রচনা ও সম্পাদনায়ঃ

ড. শাহ মোঃ লুৎফুর রহমান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা; ফয়সল আহমেদ, বৈজ্ঞানিক কর্মকর্তা; বুটন চন্দ্র সরকার, বৈজ্ঞানিক কর্মকর্তা এবং ড. এম এইচ এম বোরহান উদ্দিন উইয়া, বৈজ্ঞানিক কর্মকর্তা



বারি মাল্টা-১ (ফলধারী গাছ)



সুদৃশ বারি মাল্টা-১ ফল



পরিপক্ব বারি মাল্টা-১ ফল



ডিসেম্বর মাসে গাছে আকর্ষনীয় হলুদ বারি মাল্টা-১ ফল

ফল সংগ্রহঃ

মধ্য সেপ্টেম্বর থেকে বারি মাল্টা-১ সংগ্রহ করা যায় তবে উত্তম কৃষি চর্চা অবলম্বন করে ডিসেম্বর পর্যন্তও ফল গাছে সংরক্ষণ করে সংগ্রহ করা যায়। এসময় ফল উজ্জ্বল হলুদে থেকে কমলা বর্ণ ধারণ করে।

প্রকাশকালঃ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ/মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
মুদ্রণঃ রেজু পিন্টাস, মুক্তিযোদ্ধা সংসদ গলি, জিন্দাবাজার, সিলেট



নিরাপদ ফল ও সবজির উৎপাদন এবং তাদের রপ্তানি বৃদ্ধি করণ স্কিম
সাইট্রাস গবেষণা কেন্দ্র, বিএআরআই, জৈন্তাপুর, সিলেট

